# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪. কিবলামুখী হয়ে পেশাব পায়খানা করা মাকরূহ

باب كَرَاهِيَةِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ عِنْدَ قَضَاءِ الْحَاجَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، عَنْ سَلْمَانَ قَالَ: قِيلَ لَهُ: لَقَدْ عَلَّمَكُمْ نَبِيُّكُمْ كُلَّ شَىْءٍ حَتَّى الْخِرَاءَةَ! قَالَ أَجَلْ، لَقَدْ نَهَانَا صلى الله عليه وسلم أَنْ نَسْتَقْبِلَ الْقِبْلَةَ بِغَائِطٍ أَوْ بَوْلٍ وَأَنْ لاَ نَسْتَنْجِيَ بِالْيَمِينِ، وَأَنْ لاَ يَسْتَنْجِيَ أَحَدُنَا بِأَقَلَّ مِنْ ثَلاَثَةِ أَحْجَارٍ أَوْ يَسْتَنْجِيَ بِرَجِيعٍ أَوْ عَظْمٍ .

صحيح : م

বাংলা

৭। সালমান (রাঃ) সূত্রে বর্ণিত। বর্ণনাকারী ’আবদুর রহমান বলেন, সালমান (রাঃ)-কে বলা হলো, তোমাদের নবী তোমাদেরকে সবকিছুই শিক্ষা দিয়েছেন, এমন কি পায়খানা করার নিয়মও। সালমান (রাঃ) বললেন, হ্যাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে কিবলামুখী হয়ে পেশাব-পায়খানা করতে, ডান হাতে শৌচ করতে, শৌচকার্যে আমাদের কারো তিনটি ঢিলার কম ব্যবহার করতে এবং গোবর অথবা হাড্ডি দ্বারা শৌচ করতে নিষেধ করেছেন।[1]

সহীহ : মুসলিম।

## English

Narrated Salman al-Farsi:

It was said to Salman: Your Prophet teaches you everything, even about excrement. He replied: Yes. He has forbidden us to face the qiblah at the time of easing or urinating, and cleansing with right hand, and cleansing

with less than three stones, or cleansing with dung or bone.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পবিত্রতা অর্জন করা), তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাথর বা ঢিলা দ্বারা ইস্তিনজা করা, হাঃ ১৬, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ তিনটির কম পাথর দ্বারা পবিত্রতা অর্জনে তুষ্ট হওয়া নিষেধ, হাঃ ৪১) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পাথর দ্বারা ইস্তিনজা করা এবং গোবর ও ঘোড়া-গাধার মল দ্বারা ইস্তিনজা না করা, হাঃ ৩১৬), আহমাদ (৫/৪৩৭, ৪৩৯) সহীহ ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ উযু, অনুঃ পাথর দিয়ে ইস্তিনজা করা, হাঃ ৭৪)। প্রত্যেকেই আ'মাশ সনদে ইবরাহীম থেকে ‘আবদুর রাহমান ইবনু যায়িদ থেকে সালমান সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ ক্বিবলাহমুখী হয়ে পেশাব-পায়খানা করা জায়িয নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57325

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন